

পে-স্কেল ও পূর্ণাঙ্গ উৎসব ভাতা দাবি শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের মানববন্ধন

■ ইত্তেফাক রিপোর্ট

এমপিওভুক্ত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের পে-স্কেল প্রদান ও পূর্ণাঙ্গ উৎসব ভাতার দাবি জানিয়েছে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট। গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত এক মানববন্ধন থেকে সংগঠনের নেতৃবৃন্দ এ দাবি জানান। মানববন্ধন কর্মসূচি থেকে একই সঙ্গে সংগঠনের কারাবন্দী চেয়ারম্যান অধ্যক্ষ মো. সেলিম উইয়ার মুক্তি দাবি জানানো হয়।

কর্মসূচিতে ঐক্যজোটের ভারপ্রাপ্ত মহাসচিব জাকির হোসেন বলেন, দেশের ৯৮ ভাগ শিক্ষার দায়িত্ব বহন করছে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা। তাদের পে-স্কেল থেকে বঞ্চিত করে শিক্ষা ব্যবস্থায় উন্নয়ন ঘটানো সম্ভব নয়। তিনি আরো বলেন, অন্য সরকারি কর্মচারীদের সঙ্গে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের পে-স্কেলে অন্তর্ভুক্ত না করে সরকার বিমাতাসুলভ আচরণ করছে। একদিকে জাতীয় বেতন স্কেলভুক্ত সকল কর্মকর্তা-কর্মচারী পে-স্কেল পাবেন, অথচ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা বঞ্চিত হবেন। এ বৈষম্য মেনে নেয়া যায় না।

মানববন্ধনে বাংলাদেশ শিক্ষক সমিতির প্রেসিডিয়াম সদস্য অজিত কুমার সরকার, অধ্যাপক শ্রীনিবাসী হোসেন, অধ্যাপক তফাজ্জল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

ADCOMM 2015